



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-৩৫

১১ অক্টোবর ২০২৬

তারিখ: -----

২৬ আশ্বিন ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

অর্থ আইন, ২০২৬ এর মাধ্যমে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২
এর নতুন ভাবে সংযোজিত ধারার নির্দেশনা পরিপালন প্রসঙ্গে।

অর্থ আইন, ২০২৬ এর মাধ্যমে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর নতুন ভাবে সংযোজিত ধারা ৪ এর উপ-ধারা (৩) প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক উক্ত আইনের বর্ণিত ধারার নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

২। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারার প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো; যা অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)
পরিচালক (বিআরপিডি-১)
ফোনঃ ৯৫৩০২৫২

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ৩০, ২০২৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৬ আষাঢ়, ১৪৩৩/৩০ জুন, ২০২৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৬ আষাঢ়, ১৪৩৩ মোতাবেক ৩০ জুন, ২০২৬ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে:—

২০২৬ সনের ৯৬ নং আইন

সরকারের আর্থিক প্রস্তাবাবলি কার্যকরকরণ এবং কতিপয় আইন

সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু সরকারের আর্থিক প্রস্তাবাবলি কার্যকরকরণ এবং নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে কতিপয় আইন সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন অর্থ আইন, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) Provisional Collection of Taxes Act, 1931 (Act No. XVI of 1931) এর অধীন এই আইনের ষষ্ঠ অধ্যায়ে উল্লিখিত জনস্বার্থে জারীকৃত ঘোষণা সাপেক্ষে, এই আইন ২০২৬ সনের ১ জুলাই তারিখে কার্যকর হইবে।

(২০২৮৩)

মূল্য : টাকা ১২৪.০০

দ্বিতীয় অধ্যায়

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর সংশোধন

২। ২০১২ সনের ৪৭ নং আইনের ধারা ২ এর সংশোধন।—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর—

- (ক) দফা (১৮ক) এর উপ-দফা (ক) এর প্রারম্ভে উল্লিখিত “শ্রম,” শব্দ ও কমা বিলুপ্ত হইবে;
- (খ) দফা (৩০) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৩০) প্রতিস্থাপিত হইবে; যথা:—
“(৩০) “কর মেয়াদ” অর্থ খ্রিষ্টীয় বর্ষপঞ্জিতে চিহ্নিত এক মাস;” এবং
- (গ) দফা (৭৬) এর পর নিম্নরূপ নূতন দফা (৭৬ক) সন্নিবেশিত হইবে, যথা:—
“(৭৬ক) “ব্যবসায়ী” বলিতে এমন ব্যক্তিকে বুঝাইবে যিনি তৎকর্তৃক আমদানিকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্য কোনভাবে সংগৃহীত পণ্যের কোনরূপ আকৃতি, প্রকৃতি, বৈশিষ্ট্য বা গুণগত পরিবর্তন না করিয়া পণ্যের বিনিময়ে অন্য কোন ব্যক্তির নিকট বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তর করেন;”।

৩। ২০১২ সনের ৪৭ নং আইনের ধারা ৪ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৪ এর উপ-ধারা (২) এর পর নিম্নরূপ নূতন উপ-ধারা (৩) সংযোজিত হইবে, যথা:—

- “(৩) উপ-ধারা (১) ও (২) এ যাহা কিছুই থাকুক না কেন নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা (BIN) বা তালিকাভুক্তির প্রমাণক বাধ্যতামূলকভাবে উপস্থাপন করিতে হইবে, যথা:—
- (ক) যে কোন ব্যবসায় প্রতিষ্ঠান কর্তৃক কোন ব্যাংক বা NBFİ বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠানে চলতি হিসাব বা STD হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে;
- (খ) কোন ব্যবসায় প্রতিষ্ঠান কর্তৃক ব্যাংক বা NBFİ বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান হইতে ঋণ গ্রহণের ক্ষেত্রে;
- (গ) ট্রেড লাইসেন্স নবায়নের ক্ষেত্রে;
- (ঘ) কোন Mobile Financial Services (MFS) এর Marchant Account খোলার ক্ষেত্রে;
- (ঙ) বাণিজ্য সংগঠনের সদস্য পদ গ্রহণ বা নবায়নের ক্ষেত্রে;
- (চ) কোন ব্যবসায় প্রতিষ্ঠান কর্তৃক বিদ্যুৎ ও গ্যাস সংযোগ গ্রহণের ক্ষেত্রে; এবং
- (ছ) বিআরটিএ হইতে ব্যবসা প্রতিষ্ঠানের নামে যানবাহনের রেজিস্ট্রেশন গ্রহণের ক্ষেত্রে।”।